

জরুরি খাদ্য সহায়তা কর্মসূচিতে (The Emergency Food Assistance Program, TEFAP)
অংশগ্রহণকারীর জন্য নিজে ঘোষণা দেওয়ার রসিদ
(পরিমার্জন: 7/22)

আপনি মৌখিকভাবে নিশ্চিত করছেন যে নিম্নলিখিত তথ্যগুলো সত্য:

1. আপনি কানেক্টিকাট স্টেটের একজন অধিবাসী।
2. নিচে উল্লিখিত আপনার পরিবারের সদস্য সংখ্যার জন্য আপনি (বার্ষিক) গ্রস আয়ের সীমায় বা তার নিচে রয়েছেন:

নিচের সারণিতে প্রত্যেক পরিবারের আকার অনুযায়ী বার্ষিক গ্রস আয় দেখানো হয়েছে। যদি আপনার পারিবারিক আয় আপনার পরিবারের সদস্য সংখ্যার জন্য তালিকায় উল্লিখিত আয়ের সমান বা তার চেয়ে কম হয়, তাহলে আপনি TEFAP-এর পণ্যগুলি পাওয়ার উপযুক্ত হবেন।

পরিবারের সদস্য বার্ষিক আয়	1	2	3	4	5	6	7	8*
	31,937	43,029	54,121	65,213	76,305	87,397	98,489	1,09,581

• বাড়তি প্রত্যেক ব্যক্তির জন্য \$11,092 ডলার যোগ করুন

আয় সংক্রান্ত নির্দেশনা ফেডারেল দারিদ্র্য সীমার 235%-কে প্রতিফলিত করে, সর্বশেষ আপডেট করা হয়েছে 7/1/2022 তারিখে

যদি আপনার পরিবার নিম্নলিখিত কর্মসূচিগুলোর কোনোটিতে অংশগ্রহণ করে তাহলেও আপনি TEFAP পণ্যগুলি পাওয়ার উপযুক্ত হবেন: সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচি (Supplemental Nutritional Assistance Program, SNAP), মহিলা, নবজাতক ও শিশু (Women, Infants and Children, WIC), অস্থায়ী পরিবারের জন্য সাময়িক সহায়তা (Temporary Assistance for Needy Families, TANF বা TFA), জ্বালানি সহায়তা, HUSKY হেলথ/মেডিকেইড, সেকশন 8-এর ভাড়া সংক্রান্ত সহায়তা কর্মসূচি, স্টেটের পরিচালিত সাধারণ সহায়তা (State Administered General Assistance, SAGA), এবং সম্পূরক নিরাপত্তা আয় (Supplemental Security Income, SSI)।

3. পরবর্তী ভিজিটের আগে আপনি পরিবার বা আয়ের যেকোনো পরিবর্তন সম্পর্কে রিপোর্ট করুন।

ফেডারেল নাগরিক অধিকার আইন এবং যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ (USDA)-এর নাগরিক অধিকার সংক্রান্ত বিধিমালা ও নীতিমালা অনুযায়ী, এই প্রতিষ্ঠানের জন্য জাতি, বর্ণ, জাতিগত উৎস, লিঙ্গ (লৈঙ্গিক পরিচয় এবং যৌন অভিমুখীতা সহ), অক্ষমতা, বয়স, বা পূর্বের কোনো নাগরিক অধিকার সংক্রান্ত ক্রিয়াকলাপের জন্য শাস্তি প্রদান বা প্রতিশোধ গ্রহণ, ইত্যাদির ভিত্তিতে বৈষম্যমূলক আচরণ করা নিষিদ্ধ।

কর্মসূচি সংক্রান্ত তথ্যসমূহ ইংরেজি ছাড়া অন্যান্য ভাষায় প্রদান করা হতে পারে। কর্মসূচির তথ্য পাওয়ার জন্য বিকল্প যোগাযোগ মাধ্যম (যেমন ব্রেইল, বড় আকারে মুদ্রিত অক্ষর, অডিও টেপ, আমেরিকান ইশারা ভাষা) ব্যবহার করার প্রয়োজন হওয়া প্রতিবন্ধী ব্যক্তিদের এই কর্মসূচি পরিচালনাকারী দায়িত্বপ্রাপ্ত স্টেট বা স্থানীয় সংস্থার সাথে অথবা (202) 720-2600 (ভয়েস ও TTY) নম্বরে USDA-এর TARGET সেন্টারের সাথে অথবা (800) 877-8339 নম্বরে ফেডারেল রিলে সার্ভিসের মাধ্যমে USDA-এর সাথে যোগাযোগ করা উচিত।

কর্মসূচিতে বৈষম্যমূলক আচরণ সম্পর্কে অভিযোগ দায়ের করতে, একজন অভিযোগকারীকে USDA কর্মসূচির AD-3027 ফরম পূরণ করতে হবে

বৈষম্যমূলক আচরণ সম্পর্কে অভিযোগ জানানোর ফরম অনলাইনে এখানে: [USDA কর্মসূচিতে বৈষম্যমূলক আচরণ সম্পর্কে অভিযোগ জানানোর ফরম](#), যেকোনো USDA অফিসে, (866) 632-9992 নম্বরে ফোন করে, অথবা USDA-কে উদ্দেশ্য করে একটি চিঠি পাঠানোর মাধ্যমে পাওয়া যাবে। এই চিঠিতে কথিত নাগরিক অধিকার লঙ্ঘনের প্রকৃতি ও তারিখ সম্পর্কে অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি ফর সিভিল রাইটস (ASCR)-কে অবহিত করার জন্য অবশ্যই অভিযোগকারীর নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, এবং কথিত বৈষম্যমূলক আচরণের পর্যাপ্ত বিবরণ লিখিতভাবে প্রদান করতে হবে। পূরণ করা AD-3027 ফরম অথবা চিঠি USDA-এর কাছে অবশ্যই নিম্নলিখিতভাবে জমা দিতে হবে:

1. **ডাকযোগে:**

U.S. Department of Agriculture
Office of the Assistant Secretary for Civil Rights
1400 Independence Avenue, SW
Washington, D.C. 20250-9410; অথবা

2. **ফ্যাক্সের মাধ্যমে:**
(833) 256-1665 অথবা (202) 690-7442; অথবা
3. **ইমেইলের মাধ্যমে:**
program.intake@usda.gov

এই প্রতিষ্ঠান সমান সুযোগ প্রদানকারী একটি প্রোভাইডার।

এই ডকুমেন্ট জরুরি খাদ্য সহায়তা কর্মসূচি (TEFAP)-এর পক্ষ থেকে ফেডারেল সহায়তা প্রাপ্তির সাথে সংশ্লিষ্টভাবে প্রদান করা হয়েছে। এই ডকুমেন্ট যা স্ব-প্রত্যয়ন করা হয়েছে কর্মসূচির কর্মকর্তারা তা যাচাই করতে পারবেন। আপনার উপযুক্ততার বিবৃতির বৈধতার প্রমাণস্বরূপ আপনাকে এই ডকুমেন্ট প্রদান করা হয়েছে। মিথ্যা প্রত্যয়নের ফলে অসঙ্গতভাবে আপনাকে প্রদান করা খাদ্যের মূল্যমান স্টেট সংস্থাকে পরিশোধ করার প্রয়োজন হতে পারে, এবং স্টেট বা ফেডারেল আইনের আওতায় দেওয়ানি বা ফৌজদারি বিচারের সম্মুখীন হওয়ার কারণ হতে পারে।